



## প্রেমিকাকে ধর্ষণে অভিযুক্ত শিবির নেতা জিসানকে বহিষ্কার



শিবির নেতা জিসান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় নেতা জিসান আহমেদকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। প্রেমের সম্পর্কের বিষয়টি প্রাথমিকভাবে সত্য বলে প্রতীয়মান হওয়ায় সাংগঠনিক বিধি অনুযায়ী এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সংগঠনটির কেন্দ্রীয় প্রচার সম্পাদক এস এম ফরহাদ।

শনিবার (১৩ জুন) দুপুরে নিজের ফেসবুক পোস্টে তিনি জানান, জিসানকে উদ্ধারের পর থেকে ছাত্রশিবিরের কোনো প্রতিনিধি কিংবা পরিবারের সদস্যরা তার সঙ্গে সরাসরি কথা বলার সুযোগ পাননি। ফলে নিখোঁজ হওয়ার ঘটনা সম্পর্কে সংগঠনটি এখন পর্যন্ত কেবল প্রশাসনের বক্তব্যই জানতে পেরেছে।

পোস্টে আরও বলা হয়, জিসানের বিরুদ্ধে মামলা করা নারী ও তার বাবাকে পুলিশ হেফাজতে রাখা হয়েছে বলে পরিবারের পক্ষ থেকে দাবি করা হয়েছে। এ কারণে তাদের সঙ্গে যোগাযোগ করে ঘটনার বিস্তারিত জানা সম্ভব হয়নি।

এস এম ফরহাদ বলেন, সংশ্লিষ্ট পক্ষগুলোর সঙ্গে সরাসরি কথা বলতে না পারায় পুরো ঘটনার প্রকৃত চিত্র এখনো স্পষ্ট নয়। তবে অভিযোগকারী নারীর পরিবারের বক্তব্য অনুযায়ী, জিসান ও ওই নারীর মধ্যে প্রেমের সম্পর্ক ছিল বলে তথ্য পাওয়া গেছে।

তিনি জানান, এই সম্পর্কের বিষয়টি প্রাথমিকভাবে নিশ্চিত হওয়ায় সাংগঠনিক নিয়ম অনুযায়ী জিসানকে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে তদন্তে কোনো অপরাধ প্রমাণিত হলে তুল্তোগীকে প্রয়োজনীয় আইনি সহায়তা দেওয়ার কথাও উল্লেখ করেন তিনি।